

# bip NEWSLETTER

June 2022

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)

BANGLADESH INSTITUTE OF PLANNERS (BIP)

bipinfo BIP2013a bangladeshinstituteofplanners www.bip.org.bd

# সম্পাদকীয়

প্রিয় পরিকল্পনাবিদ,

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের পক্ষ থেকে বি.আই.পি'র সম্মানিত পরিকল্পনাবিদ সদস্যদের প্রতি ২০২২ সালের সূচনালগ্নে খ্রিষ্টীয় নববর্ষের শুভেচ্ছা রইল। বি.আই.পি'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের পক্ষ থেকে বি.আই.পি নিউজলেটার জুন ২০২২ সংখ্যা আপনাদের হাতে তুলে দিতে পেরে আমরা আনন্দিত।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের ১৫তম কার্যনির্বাহী বোর্ড জানুয়ারিতে দায়িত্বভার গ্রহন করেছে। এই সময়ের মধ্যে বি.আই.পি'র ১৫তম কার্যনির্বাহী বোর্ড নানামুখী কর্মকান্ডের মাধ্যমে এই পেশাজীবী সংগঠনটিকে আরও বেশি কার্যকর ও গতিশীল রুপ দেওয়ার জন্য সদা তৎপর। সম্মানিত সদস্যবৃন্দের সার্বিক সহযোগিতায় চলমান অগ্রগতি ভবিষ্যতে আরও বেগবান হবে বলে আশা করি। নিউজলেটার প্রকাশনা বি.আই.পি'র একটি ধারাবাহিক কার্যক্রম। এবারের সংখ্যায় জানুয়ারি ২০২২ থেকে জুন ২০২২ পর্যন্ত বি.আই.পি কর্তৃক আয়োজিত জ্যেষ্ঠ পরিকল্পনাবিদ সদস্যদের সম্মাননা, পেশাভিত্তিক প্রশিক্ষণ কর্মশালা, আন্তর্জাতিক নারী দিবস ২০২২ উপলক্ষে আয়োজিত "নগর ব্যবস্থাপনায় নারী নেতৃত্ব" শীর্ষক সেমিনার ইত্যাদি স্বকীয়তা ও নতুনত্বে বেশ সমাদৃত হয়েছে। এসকল বিভিন্ন  অনুষ্ঠান ও ঘটনা প্রবাহের সাথে কিছু প্রতিবেদন ও তথ্য সমৃদ্ধ লেখা প্রকাশের চেষ্টা করা হয়েছে।

একটি পেশাজীবী সংগঠন হিসেবে বি.আই.পি পরিকল্পনা পেশার উৎকর্ষ সাধনে দায়বদ্ধ। প্রতিষ্ঠাকালীন সময় থেকে আজ পর্যন্ত বি.আই.পি অনেক সক্ষমতা অর্জন করেছে। প্রবীণ পরিকল্পপনাবিদদের অভিজ্ঞতা এবং নবীন পরিকল্পনাবিদদের উদ্যমকে পাথেয় করে সময়ের পরিক্রমায় বাংলাদেশে পেশা হিসেবে নগর পরিকল্পনা চূড়ান্ত উৎকর্ষতা লাভ করবে বলে আমরা বিশ্বাস করি। সকলের সার্বিক সহযোগিতা ও অংশগ্রহনে নতুন নতুন সৃজনশীল কর্মসূচীর মাধ্যমে বি.আই.পি'র অগ্রযাত্রা অব্যাহত থাকবে এবং ভবিষ্যতে পরিকল্পনাবিদদের কর্মদক্ষতাকে আরও ভালোভাবে কাজে লাগানোর জন্য সকলে ঐক্যবদ্ধ ভাবে কাজ করবে বলে বি.আই.পি বিশ্বাস করে।

নতুন বছর আপনাদের জীবনে সমৃদ্ধি বয়ে আনুক এ কামনা করি।

ধন্যবাদান্তে,

বি.আই.পি'র ১৫-তম কার্যনির্বাহী পরিষদের পক্ষে
**পরিকল্পনাবিদ মোঃ রেজাউর রহমান**
বোর্ড সদস্য (রিসার্চ এন্ড পাবলিকেশন)
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)

*Cover Photograph Courtesy by Meer Abdul Qadir*

## বি.আই.পি'র ১৫তম কার্যনির্বাহী পরিষদ (২০২২-২০২৩) এর

# অভিষেক এবং জ্যেষ্ঠ পরিকল্পনাবিদদের সংবর্ধনা

*২২ জানুয়ারি ২০২২*





গত ২২ জানুয়ারি ২০২২, বিকাল ৪টায় '১৫তম কার্যনির্বাহী পরিষদ সদস্যদের শপথ গ্রহণ এবং নগর পরিকল্পনা পেশা, গবেষণা ও শিক্ষায় বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ 'জ্যেষ্ঠ পরিকল্পনাবিদ সদস্যদের সম্মাননা অনুষ্ঠান বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি) এর কনফারেন্স হল রুম-এ অনুষ্ঠিত হয়। ১৫তম কার্যনির্বাহী পরিষদ এর অভিষেক পর্বে নবনির্বাচিত ১৫তম কার্যনির্বাহী পরিষদ সদস্যদের শপথ বাক্য পাঠ করান বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর প্রাক্তন সহ সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. রোকসানা হাফিজ। অনুষ্ঠানে বি.আই.পি'র প্রতিষ্ঠাতা সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. গোলাম রহমান মহোদয়-কে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর পক্ষ থেকে আজীবন সম্মাননা প্রদান সহ নগর পরিকল্পনা পেশা, গবেষণা ও শিক্ষায় অবদানের স্বীকৃতি স্বরূপ আঠারো (১৮) জন জ্যেষ্ঠ পরিকল্পনাবিদকে বিশেষ সম্মাননা প্রদান করা হয়। বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম। এছাড়াও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শামসুল আলম এবং বি.আই.পি'র সাবেক সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আকতার মাহমুদ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।




বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)-র

## ১৫ তম কার্যনির্বাহী পরিষদের দায়িত্ব গ্রহণ

*১ জানুয়ারি ২০২২*

গত ১ জানুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)-র ১৫তম কার্যনির্বাহী পরিষদের দায়িত্ব গ্রহণ এবং একটি ভার্চুয়াল মতবিনিময় সভা অনলাইন জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হয়।



# ১৫তম কার্যনির্বাহী পরিষদ এর প্রথম বোর্ড সভা

*১৫ জানুয়ারি ২০২২*

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)-র ১৫তম কার্যনির্বাহী পরিষদ এর প্রথম বোর্ড সভা ১৫ জানুয়ারি ২০২২ তারিখে বি.আই.পি'র সভাকক্ষে অনুষ্ঠিত হয় এবং উক্ত সভায় ১৫তম কার্যনির্বাহী পরিষদ এর আগামী দুই বছরের খসড়া কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়।



## সেভ দ্য চিলড্রেন এর সাথে শুভেচ্ছা বৈঠক

*১৬ জানুয়ারি ২০২২*

গত ১৬ জানুয়ারি ২০২২ বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)-র ১৫তম কার্যনির্বাহী পরিষদ এবং সেভ দ্য চিলড্রেন এর মধ্যে শুভেচ্ছা বৈঠক অনুষ্ঠিত হয়।



## ১৫তম কার্যনির্বাহী পরিষদ এর কর্মপরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত

*২০ জানুয়ারি ২০২২*

১৫তম কার্যনির্বাহী পরিষদ এর আগামী দুই বছরের কর্মপরিকল্পনা সম্পর্কিত কর্মশালা বি.আই.পি'র সভাকক্ষে ২০ জানুয়ারি ২০২২ অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় বি.আই.পি'র ১৫তম কার্যনির্বাহী পরিষদ এর সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।





# সম্মাননা স্মারক প্রদান

*২২ জানুয়ারি ২০২২*

২২ জানুয়ারি ২০২২ তারিখে বি.আই.পি কার্যালয়ে অনুষ্ঠিত "১৫তম কার্যনির্বাহী পরিষদের অভিষেক এবং জ্যেষ্ঠ পরিকল্পনাবিদদের সম্মাননা" শীর্ষক অনুষ্ঠানের বিশেষ অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শামসুল আলম এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সাবেক সভাপতি, উপদেষ্টা পরিষদ আহ্বায়ক ও জ্যেষ্ঠ পরিকল্পনাবিদ অধ্যাপক ড. সারোয়ার জাহান-কে বি.আই.পি'র পক্ষ থেকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।




## প্ল্যানিং স্কুলসমুহের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

*৭ ফেব্রুয়ারি ২০২২*

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)-র ১৫তম কার্যনির্বাহী পরিষদ সদস্যদের সাথে দেশের সাতটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল/গ্রামীণ পরিকল্পনা বিভাগের মধ্যে গত ৭ ফেব্রুয়ারি ২০২২ একটি ভার্চুয়াল মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল/গ্রামীণ পরিকল্পনা বিভাগের বিভাগীয় প্রধান/সভাপতি সহ বিভাগের অন্যান্য শিক্ষকগণ সহ বি.আই.পি'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের সদস্যগণ সভায় উপস্থিত ছিলেন।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ আহসান এর সঞ্চালনায় এবং বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এর সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশ্ববিদ্যালয় সমূহের নগর ও অঞ্চল/গ্রামীণ পরিকল্পনা বিভাগ এর সাথে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি) এর দ্বি-বার্ষিক কর্মপরিকল্পনা উপস্থাপনা করেন বি.আই.পি'র সহ-সভাপতি পরিকল্পনাবিদ ড. মোঃ শফিক-উর রহমান।

পরবর্তীতে Accreditation of Planning Education এর উপর আলোচনা করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এর অধ্যাপক ড. মোঃ শাকিল আকতার এবং খুলনা বিশ্ববিদ্যালয় এর নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিন এর অধ্যাপক ড. মোঃ জাকির হোসেন।

মতবিনিময় সভায় অন্যান্যদের বক্তব্য রাখেন বি.আই.পি'র উপদেষ্টা পরিষদ আহ্বায়ক অ্যধাপক ড. এ কে এম আবুল কালাম, অধ্যাপক ড. আসিফ-উজ-জামান খান, অধ্যাপক ড. আশিক-উর রহমান, অধ্যাপক ড. গোলাম মঈনুদ্দীন, ড. রাশিদুল হাসান, তুষার কান্তি রায়, এস্রাজ-উল-জান্নাত, ড. কাশফিয়া নেহরিন, আনুতোষ দাস, আব্দুল ওয়াকিল সহ প্রমুখ।





## আরবান ডেভেলপমেন্ট জার্নালিস্ট ফোরাম এর সাথে শুভেচ্ছা বৈঠক

*২২ জানুয়ারি ২০২২*


২২ জানুয়ারি ২০২২ বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি) এর নবনির্বাচিত ১৫তম কার্যনির্বাহী পরিষদ এবং আরবান ডেভেলপমেন্ট জার্নালিস্ট ফোরাম বাংলাদেশের মধ্যে শুভেচ্ছা বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বি.আই.পি'র ১৫তম কার্যনির্বাহী পরিষদ এবং আরবান ডেভেলপমেন্ট জার্নালিস্ট ফোরাম এর সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এসময় প্রতিনিধিগণ বি.আই.পি এবং আরবান ডেভেলপমেন্ট জার্নালিস্ট ফোরাম পারস্পরিক সম্পর্কের সম্প্রসারণের সম্ভাবনা এবং আগামী মাস ও বছরগুলিতে আরও ঘনিষ্ঠভাবে একসাথে কাজ করার বিষয়ে আলোচনা করেন। উভয় প্রতিষ্ঠানই ইতিমধ্যে দেশের পরিকল্পনা এবং টেকসই নগরায়নের প্রচারের জন্য দীর্ঘ দিন ধরে একসাথে কাজ করে আসছে।



## বি.আই.পি'র প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাত

*১ ফেব্রুয়ারি ২০২২*

১ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)-এর ১৫তম কার্যনির্বাহী পরিষদ এর একটি প্রতিনিধি দল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পরিকল্পনা কমিশন এর সাধারণ অর্থনীতি বিভাগ এর সদস্য (সচিব) ড. মোঃ কাউসার আহাম্মদ মহোদয় এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। বি.আই.পি'র প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন এবং যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির।



## পৌরসভা সমূহে কর্মরত শহর পরিকল্পনাবিদদের ভার্চুয়াল মতবিনিময় সভা অনুষ্ঠিত

*৫ ফেব্রুয়ারি ২০২২*

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)-র ১৫তম কার্যনির্বাহী পরিষদ সদস্যদের সাথে দেশের পৌরসভা সমূহে কর্মরত শহর পরিকল্পনাবিদদের সাথে গিত ৫ ফেব্রুয়ারি ২০২২ একটি ভার্চুয়াল মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বি.আই.পি'র এর সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ আহসান এর সঞ্চালনায় এবং বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এর সভাপতিত্বে মতবিনিময় সভায় বি.আই.পি'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের সদস্যগণ এবং পৌরসভা সমূহে কর্মরত শহর পরিকল্পনাবিদগণ অংশগ্রহণ করেন। মতবিনিময় সভায় পৌরসভা পর্যায়ে কর্মরত শহর পরিকল্পনাবিদদের সম্মুখীন হওয়া নানা ধরনের সমস্যা এবং সমস্যা সমূহ সমাধানে বি.আই.পি কর্তৃক গৃহীত পদক্ষেপ নিয়ে আলোচনা করা হয়।
এছাড়াও পৌরসভায় নিয়োগ বৃদ্ধি, পদোন্নতি, দায়িত্বের সঠিক সংজ্ঞায়ন, কর্মপরিবেশ উন্নত করা, নতুন অর্গানোগ্রাম প্রণয়ন ইত্যাদি বিষয়েও সভায় আলোচনা করা হয়।



## সিলেট সিটি কর্পোরেশন মাননীয় মেয়র মহোদয়ের সাথে বি.আই.পি'র সভাপতির সৌজন্য সাক্ষাত

*১৩ ফেব্রুয়ারি ২০২২*

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন বিগত ১৩ ফেব্রুয়ারি ২০২২ সিলেট সিটি কর্পোরেশন মাননীয় মেয়র মহোদয়ের সাথে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাত করেন। এসময় সিলেট সিটি কর্পোরেশন মাননীয় মেয়র মহোদয় জনাব আরিফুল হক চৌধুরী'র সাথে সিটি কর্পোরেশন এর প্রধান প্রকৌশলী জনাব নূর আজিজুর রহমান এবং নগর পরিকল্পনাবিদ মোঃ তানভীর রহমান মোল্লা উপস্থিত ছিলেন। এছাড়াও বি.আই.পি'র প্রতিনিধি হিসেবে ইনস্টিটিউট এর সম্মানিত সদস্য এবং সেভ দ্য চিলড্রেন, সিলেট এ কর্মরত পরিকল্পনাবিদ নাঈম আল মিফতাহ্ এবং পরিকল্পনাবিদ খান আব্দুল মোতলেব উপস্থিত ছিলেন।



## প্ল্যানিং অ্যালামনাইসমূহের প্রতিনিধিদের সঙ্গে ভার্চুয়াল মতবিনিময় সভা

*১৬ ফেব্রুয়ারি ২০২২*

গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং প্ল্যানিং অ্যালামনাইসমূহের প্রতিনিধিদের সঙ্গে ভার্চুয়াল মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ইনস্টিটিউটের প্রেসিডেন্ট সহ অন্যান্য সদস্যবৃন্দ এবং প্ল্যানিং অ্যালামনাইসমূহের প্রতিনিধিগন। বি.আই.পি'র সাধারন সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সঞ্চালনায় সভাপতিত্ব করেন সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন। বি.আই.পি'র সাধারন সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান বর্তমান বি.আই.পি বোর্ড এর সকল কার্যক্রম, বাজেট খসড়া বিষয়ে আলোকপাত করেন। উক্ত সভায় অ্যালামনাইসমূহের প্রতিনিধিদের সঙ্গে কর্মপরিধি সম্প্রসারণ, উচ্চ মানের প্ল্যানিং অনুশীলন, পরিকল্পনাকারীদের ক্ষমতায়ন, প্রাতিষ্ঠানিক উনয়ন, ধারণক্ষমতা উন্নয়ন ইত্যাদি বিষয়েও আলোচনা করা হয়।



## সিভিল সার্ভিসে কর্মরত পরিকল্পনাবিদদের সাথে ভার্চুয়াল মতবিনিময় সভা

*৫ মার্চ ২০২২*

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের উদ্যোগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নগর ও অঞ্চল/গ্রামীণ পরিকল্পনা বিষয়কে বাংলাদেশ সিভিল সার্ভিসে একটি স্বতন্ত্র ক্যাডার হিসেবে চালুকরণ সহ সংশ্লিষ্ট বিষয়ে সরকারি চাকুরীর সুযোগ সম্প্রসারণে কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য দেশের সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারে চাকুরীরত নগর পরিকল্পনাবিদদের সাথে গত ৫ মার্চ ২০২২ অনলাইন প্লাটফর্মে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের ১৫তম কার্যনির্বাহী পরিষদের সদস্যগণ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর বিভিন্ন মন্ত্রণালয়, অধিদপ্তর এবং পরিদপ্তর সমূহে কর্মরত নগর পরিকল্পনাবিদগণ উপস্থিত ছিলেন।



## বি.আই.পি'র প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাত

*২০ ফেব্রুয়ারি ২০২২*

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)-র ১৫তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধিদল গত ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক মহোদয়ের সাথে নগর উন্নয়ন অধিদপ্তর কার্যালয়ে একটি সৌজন্য সাক্ষাত করেন।

সাক্ষাতে বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এর নেতৃত্বে ইনস্টিটিউট এর সহ-সভাপতি পরিকল্পনাবিদ মুহাম্মদ আরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান এবং বোর্ড সদস্য (প্রফেশনাল এফেয়ার্স) পরিকল্পনাবিদ তামান্না বিনতে রহমান, বোর্ড সদস্য (রিসার্চ এন্ড পাবলিকেশন) পরিকল্পনাবিদ মোঃ রেজাউর রহমান বি.আই.পি'র প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন।

এছাড়াও নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক এর সাথে উপপরিচালক জনাব আহমেদ আখতারুজ্জামানসহ প্রতিষ্ঠানের অন্যান্য সিনিয়র প্ল্যানার উপস্থিত ছিলেন। এসময় বাংলাদেশে নগর ও অঞ্চল/গ্রামীণ পরিকল্পনার ভবিষ্যত, টেকসই বাংলাদেশ বিনির্মাণে নগর পরিকল্পনাবিদদের করণীয়, নগর উন্নয়ন অধিদপ্তর ও বি.আই.পি'র মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর, প্রভৃতি বিষয়ে আলোচনা করা হয়।

> “
>
> **A city is not an accident but the result of coherent vision and aims.**
>
> *Leon Krier*



## আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উদযাপন

*২১ ফেব্রুয়ারি ২০২২*

গত ২১ ফেব্রুয়ারি, জাতীয় শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে জাতীয় শহীদ মিনারে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ১৯৫২ সালের ভাষা আন্দোলনে আত্মত্যাগকারী সকল ভাষা শহীদের প্রতি শ্রদ্ধাঞ্জলি দেয়া হয়।

পুষ্পার্ঘ্য অর্পণের সময় দলটির প্রতিনিধিত্ব করেন বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন। এছাড়াও বি.আই.পি'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান, পরিকল্পনাবিদ ড. আফসানা হক সহ বি.আই.পি'র কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। সকাল ১০:৩০ মিনিটে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পলাশী মোড়ে সমবেত হয়ে সেখান থেকে যথাযথ স্বাস্থবিধি অনুসরণপূর্বক কেন্দ্রীয় শহীদ মিনার অভিমুখে যাত্রা করে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে দিবসটি উদযাপন করা হয়।



## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর মাননীয় মেয়র এর সাথে বি.আই.পি'র প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাত

*২২ ফেব্রুয়ারি ২০২২*

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধি দল গত ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর মাননীয় মেয়র জনাব ডা. সেলিনা হায়াৎ আইভী মহোদয় এর সাথে সৌজন্য সাক্ষাত করেন।

সাক্ষাতে বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এর নেতৃত্বে ইনস্টিটিউট এর সহ-সভাপতি পরিকল্পনাবিদ মুহাম্মদ আরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান, বোর্ড সদস্য (প্রফেশনাল এফেয়ার্স) পরিকল্পনাবিদ তামান্না বিনতে রহমান বি.আই.পি'র প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন। এসময় নারায়ণগঞ্জ নগরীর উন্নয়ন পরিকল্পনার অনুশীলন, বিদ্যমান সমস্যাসমূহের সুপরিকল্পিত ও টেকসই সমাধানের পাশাপাশি নগরীর পরিকল্পিত ও সুষম উন্নয়ন পর্যায়ক্রমিক বাস্তবায়ন সম্পর্কে মেয়র মহোদয়ের সাথে আলোচনা করা হয়। এছাড়াও আন্তর্জাতিক নারী দিবস ২০২২ এর শুভলগ্নে নগর উন্নয়নে বিশেষ ভূমিকা রাখায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর পক্ষ থেকে মাননীয় মেয়র মহোদয় কে বিশেষ সম্মাননায় ভূষিত করবার জন্য আমন্ত্রণ জানানো হয়।





## “গ্রীন ট্রান্সপোর্ট অ্যান্ড জাস্ট ট্রানজিশন ইন বাংলাদেশ” শীর্ষক একটি জাতীয় কর্মশালা অনুষ্ঠিত

*২৬ ফেব্রুয়ারি ২০২২*

জার্মানির গ্লোবাল লেবার ইউনিভার্সিটি ও বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি) এর যৌথ উদ্যোগে বিগত ২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে রাজধানীস্থ প্ল্যানার্স টাওয়ারের বি.আই.পি কনফারেন্স হলে “গ্রীন ট্রান্সপোর্ট অ্যান্ড জাস্ট ট্রানজিশন ইন বাংলাদেশ” শীর্ষক একটি জাতীয় কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সভাপতি মোহাম্মদ ফজলে রেজা সুমনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ। এসময় ‘গ্রিন ট্রান্সপোর্ট ফর বাংলাদেশ’ বিষয়ক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বি.আই.পি’র সাধারণ সম্পাদক শেখ মুহাম্মদ মেহেদী আহসান। এছাড়াও আলোচনায় অংশ নেন- ইউএনডিপির ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম এর প্রকল্প ব্যবস্থাপক ড. এস এম মোর্শেদ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. শেখ তৌহিদুল ইসলাম, গ্লোবাল লেবার ইউনিভার্সিটির ফেলো মো. আসাদ উদ্দীন প্রমুখ।



## জাতিসংঘের খাদ্য এবং কৃষি সম্পর্কিত সংস্থার প্রকল্প কর্মকর্তাদের সাথে ভার্চুয়াল মতবিনিময় সভা অনুষ্ঠিত

*৯ ফেব্রুয়ারি ২০২২*

বাংলাদেশে অবস্থিত জাতিসংঘের খাদ্য এবং কৃষি সম্পর্কিত সংস্থা (FAO BD) এর ঢাকা ফুড সিস্টেম প্রকল্পের কর্মকর্তাদের সাথে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)-র ১৫তম কার্যনির্বাহী পরিষদ সদস্যদের একটি ভার্চুয়াল মতবিনিময় সভা গত ৯ ফেব্রুয়ারি ২০২২ অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন, সহ-সভাপতি পরিকল্পনাবিদ ড. এম. শফিক-উর রহমান, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ এস. এম. মেহেদী আহসান এবং কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান উপস্থিত ছিলেন। এছাড়াও FAO BD এর পক্ষে ঢাকা ফুড সিস্টেম প্রকল্পের জন টেইলর, ইয়ুভেস ক্যাবেনস, গার্জন ডেলভক্স পেদ্রো প্রমুখ উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন। সভায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং FAO BD’র মধ্যে পারস্পরিক সম্পর্কের উন্নয়ন, ভবিষ্যত কর্মপরিকল্পনা প্রণয়ন এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে দেশের খাদ্য নিরাপত্তা পরিকল্পনার উপর কাজ করার জন্য দুপক্ষের মধ্যে আলোচনা করা হয়।





## বি.আই.পি’র প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাত

*৬ মার্চ ২০২২*

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)’র ১৫তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধিদল বিগত ৬ মার্চ ২০২২ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। এসময় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর পাস্পরিক সম্পর্ক সম্প্রসারণের সম্ভাবনা নিয়ে আলোচনা করা হয়।

একই দিনে ৬ মার্চ ২০২২ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ শহীদ উল্লা খন্দকার এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। এসময় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর পাস্পরিক সম্পর্ক সম্প্রসারণের সম্ভাবনা নিয়ে আলোচনা করা হয়।

উভয় সাক্ষাতে বি.আই.পি’র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এর নেতৃত্বে ইনস্টিটিউট সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান, বোর্ড সদস্য (প্রফেশনাল এফেয়ার্স) পরিকল্পনাবিদ তামান্না বিনতে রহমান বি.আই.পি’র প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন।

## জাতীয় বাজেট উপকমিটির পর্যালোচনামূলক মতবিনিময় সভা

*১২ মার্চ ২০২২*

বিগত ১২ মার্চ ২০২২ বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)’র ১৫তম কার্যনির্বাহী পরিষদের জাতীয় বাজেট উপকমিটির পর্যালোচনামূলক মতবিনিময় সভা প্ল্যানার্স টাওয়ারে অনুষ্ঠিত হয়। সভার আহ্বায়ক হিসেবে ছিলেন পরিকল্পনাবিদ আমানুর রহমান। উক্ত সভায় নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনার প্রেক্ষাপটে জাতীয় বাজেট ২০২২-২০২৩ আলোচনা করা হয়। এ সময়ে জাতীয় বাজেট উপকমিটির সদস্যবৃন্দ উক্ত সভায় উপস্থিত ছিলেন।







# আন্তর্জাতিক নারী দিবস ২০২২ উদযাপন

**১১মার্চ ২০২২**

নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনার বিভিন্ন ক্ষেত্রে নারী পরিকল্পনাবিদদের অবদান কে স্বীকৃতি দেওয়ার উদ্দেশ্যে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্লান্যার্স এর উদ্যোগে এবছর উৎসবমুখর পরিবেশে আন্তর্জাতিক নারী দিবস ২০২২ পালন করা হয়। গিত ১১ মার্চ ২০২২ তারিখে 'নগর ব্যবস্থাপনায় নারী নেতৃত্ব' শীর্ষক একটি সেমিনার রাজধানীস্থ প্ল্যানার্স টাওয়ারের বি.আই.পি কনফারেন্স হলরুমে অনুষ্ঠিত হয়।

বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন এর সভাপতিত্বে উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা মন্ত্রী জনাব ডা. দীপু মনি, এমপি, এবং সেমিনারের মূখ্য আলোচক হিসেবে নারায়নগঞ্জ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব ডা. সেলিনা হায়াৎ আইভী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব শহীদ উল্লা খন্দকার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব নীলিমা আখতার। উক্ত অনুষ্ঠানে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর মাননীয় মেয়র জনাব ডা. সেলিনা হায়াৎ আইভী-কে অন্তর্ভূক্তিমূলক নগর উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখায় বিশেষ সম্মাননা প্রদান করা হয়। একইসাথে, নগর, অঞ্চল ও প্রামীণ পরিকল্পনা এবং উন্নয়ন ব্যবস্থাপনায় বিশেষ অবদান রাখার জন্য বি.আই.পি'র নির্বাচিত নারী সদস্যদের মধ্য থেকে "নারী পরিকল্পনাবিদ" ও "নবীণ নারী পরিকল্পনাবিদ" এই দুটি বিভাগে সম্মাননা প্রদান করা হয়।

সেমিনারে "নগর ব্যবস্থাপনায় নারী নেতৃত্ব" শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইনস্টিটিউট এর সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদে মেহেদী আহসান।

পরবর্তীতে দেশের সার্বিক উন্নয়নে নারী পরিকল্পনাবিদদের ভূমিকা, পরিকল্পনায় নারী নীতি, নগর স্বাস্থ্য, ডেল্টা প্ল্যান, নারী সংবেদনশীল দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে আলোচনা ও প্রবন্ধ উপস্থাপন করেন খুলনা বিশ্ববিদ্যালয়ের নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিনের সহযোগী অধ্যাপক পরিকল্পনাবিদ ড. ফৌজিয়া ফারজানা, ওয়ার্ক ফর বেটার বাংলাদেশ ট্রাস্ট এর সহ-প্রতিষ্ঠাতা ও উপদেষ্টা ডেবরা এফ্রয়মসন, সেন্টার ফর এভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস এর সিনিয়র স্পেশালিস্ট ফারহানা আহমেদ, জাতীয় বিশ্ববিদ্যালয়, সিঙ্গাপুর এর পোস্টডক্টরাল রিসার্চ ফেলো পরিকল্পনাবিদ নাজওয়া তাহসিন এবং প্ল্যান ইন্টারন্যাশনাল এর প্রকল্প ব্যবস্থাপক পরিকল্পনাবিদ মানিক কুমার সাহা।

এছাড়াও সেমিনারে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের নির্বাহী পরিষদের সদস্যগণ, ইনস্টিটিউট এর সম্মানিত সদস্যবৃন্দ, গণমাধ্যমের প্রতিনিধিগণ এবং আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।




## কমনওয়েলথ এসোসিয়েশন অব প্লানার্সের (CAP) মহাসচিব কেলি মুর এর সাথে ভার্চুয়াল মতবিনিময় সভা

**২ মার্চ ২০২২**

গত ২ মার্চ ২০২২ বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)'র ১৫তম কার্যনিবর্বাহী পরিষদের সাথে কমনওয়েলথ এসোসিয়েশন অব প্ল্যানার্স (ক্যাপ) এর সম্মানিত সেক্রেটারি জেনারেল কেলি মুর এর একটি সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় সভা অনলাইন জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের পক্ষ থেকে বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন, সহ-সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. মোঃ শফিক-উর রহমান, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এবং বোর্ড সদস্য (প্রফেশনাল এফেয়ার্স) পরিকল্পনাবিদ তামান্না বিনতে রহমান মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।

এসময় প্রতিনিধিগণ কমনওয়েলথভুক্ত দেশ হিসেবে বাংলাদেশে নগর পরিকল্পনার গতি-প্রকৃতি, সম্ভাবনা ও চ্যালেঞ্জ সমূহ এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি) ও কমনওয়েলথ এসোসিয়েশন অব প্ল্যানার্স (ক্যাপ) এর পারস্পরিক সম্পর্কের সম্প্রসারণের সম্ভাবনা নিয়ে আলোচনা করেন।






## Popular Diagnostic Centre Ltd. (PDCL) এর সাথে কর্পোরেট চুক্তি স্বাক্ষর

*১২ মার্চ ২০২২*

বি.আই.পি'র সম্মানিত সদস্যবৃন্দ, সদস্যদের পরিবার (বাবা/মা/স্ত্রী/স্বামী/সন্তান) এবং বি.আই.পি'র কর্মকর্তা/কর্মচারীদের জন্য সারাদেশে Popular Diagnostic Centre Ltd. (PDCL) এর ২৬টি শাখা থেকে 'প্রিভিলেজ কার্ড' প্রদর্শণ সাপেক্ষে হ্রাসকৃত মূল্যে সেবা ও টেস্ট ফ্যাসিলিটি প্রদানের লক্ষে গিত ১২ মার্চ ২০২২ (শনিবার), বি.আই.পি কার্যালয়ে Bangladesh Institute of Planners (BIP) এর সাথে Popular Diagnostic Centre Ltd. (PDCL) এর কর্পোরেট চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এবং বোর্ড সদস্য (প্রফেশনাল এফেয়ার্স) পরিকল্পনাবিদ তামান্না বিনতে রহমান উপস্থিত ছিলেন।

এছাড়াও Popular Diagnostic Centre Ltd. (PDCL) এর পক্ষ থেকে জনাব অচিন্ত কুমার নাগ, সহকারি মহাব্যবস্থাপক, প্রশাসন ও মানব সম্পদ, জনাব মীর খায়রুর আলম, ব্যবস্থাপক, মার্কেটিং এবং জনাব মোঃ নাসিরুজ্জামান, মার্কেটিং এক্সিকিউটিভ উপস্থিত ছিলেন।






## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন

*২৬ মার্চ ২০২২*

প্রতি বছরের ন্যায় এবছরও মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি) ২৬ মার্চ ২০২২ (শনিবার) এর পক্ষ থেকে সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধের বীর শহীদসহ জাতির স্বাধীনতা ও মুক্তি সংগ্রামে অবদান রাখা সকল আত্নত্যাগকারীদের প্রতি গভীর সম্মান ও শ্রদ্ধাঞ্জলি জানানো হয়।

পুষ্পার্ঘ্য অর্পণের সময় দলটির প্রতিনিধিত্ব করেন বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন। এছাড়াও বি.আই.পি'র সহ-সভাপতি পরিকল্পনাবিদ ড. এম. শফিক-উর রহমান, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, বোর্ড সদস্য (রিসার্চ এন্ড পাবলিকেশন) পরিকল্পনাবিদ মোঃ রেজাউর রহমান, পরিকল্পনাবিদ ড. কাশফিয়া নাহরিন, পরিকল্পনাবিদ মনোয়ার সোহেল সহ বি.আই.পি'র কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

সকাল ১০:৩০-টায় সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে সমবেত হয়ে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে দিবসটি উদযাপন করা হয়।



## নগর উন্নয়ন কমিটির বৈঠক ওসমানী মিলনায়তনে অনুষ্ঠিত

*১৫ই মার্চ ২০২২*

গত ১৫ই মার্চ ২০২২ বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স বি.আই.পি'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের সাথে নগর উন্নয়ন কমিটির বৈঠক ওসমানী মিলনায়তনে অনুষ্ঠিত হয়।



## বিশ্বব্যাংকের প্রতিনিধিগনের সাথে ভার্চুয়াল মতবিনিময় সভা

*১৬ মার্চ ২০২২*

বিশ্বব্যাংকের প্রতিনিধিগনের সাথে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)'র ১৫তম কার্যনিবর্বাহী পরিষদের একটি ভার্চুয়াল মতবিনিময় সভা গত ১৬ মার্চ ২০২২ (বুধবার), বিকাল ৫টায় অনুষ্ঠিত হয়।

উক্ত মতবিনিময় সভায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের পক্ষ থেকে বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান এবং (বি.আই.পি)'র প্রাক্তন সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. সারোয়ার জাহান উপস্থিত ছিলেন। এছাড়াও বিশ্বব্যাংকের প্রতিনিধিগনের মধ্যে ঈশিতা আলম অবনী, ক্যোবেনা আমাঙ্কোয়াহায়ে, ঝিউ জেরি চেন এবং শেনহুয়া ওয়াং উপস্থিত ছিলেন।

সভায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং বিশ্বব্যাংকের মধ্যে পারস্পরিক সম্পর্কের সম্প্রসারণ, পারস্পরিক সহযোগিতার মাধ্যমে পরিকল্পিত নগর, অঞ্চল এবং গ্রামীণ পরিকল্পনা পেশার আধুনিকীকরণ ও বিকাশের উপর কাজ করার জন্য দুপক্ষের মধ্যে আলোচনা হয়।



# ইউএনহ্যাবিটেট (UN-HABITAT) এর প্রতিনিধিগনের সাথে ভার্চুয়াল মতবিনিময় সভা

*১৪ এপ্রিল ২০২২*

গত ১৪ এপ্রিল ২০২২ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের সাথে ইউএনহ্যাবিটেট এর প্রতিনিধিগনের মতবিনিময় সভা অনলাইন জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ এস. এম. মেহেদী আহসান এবং কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান উপস্থিত ছিলেন। এছাড়াও ইউএনহ্যাবিটেট এর পক্ষে Naomi Hoogervorst, Herman Jean Pienaar, Laxman Perera, Jing Ren, Javier Tome উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন। সভায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং ইউএনহ্যাবিটেটের মধ্যে পারস্পরিক সম্পর্কের উন্নয়ন, ভবিষ্যত কর্মপরিকল্পনা প্রণয়ন এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে পরিকল্পনার উপর কাজ করার জন্য দুপক্ষের মধ্যে আলোচনা করা হয়।

> "
> **Cities have the capability of providing for everybody, only because, and only when, they are created by everybody.**
>
> *Jane Jacobs*





# ইফতার মাহফিল ২০২২

*৯ এপ্রিল ২০২২*

নগর পরিকল্পনাবিদদের জাতীয় পেশাজীবী প্রতিষ্ঠান বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)'র ইফতার মাহফিল ৯ এপ্রিল ২০২২ (শনিবার) রাজধানীর বাংলামোটরে বি.আই.পি'র কনফারেন্স হলরুমে অনুষ্ঠিত হয়।

এতে প্রায় ২শতাধিক পরিকল্পনাবিদ অংশগ্রহণ করেন। ইফতার মাহফিলে দেশের উন্নতি ও সার্বিক কল্যাণ কামনা করে প্রার্থনা করা হয়। এসময় উপস্থিত ছিলেন, নগর পরিকল্পনাবিদ ও বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সভাপতি মোহাম্মদ ফজলে রেজা সুমন, সাধারন সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, সাবেক সভাপতি পরিকল্পনাবিদ ড. সারোয়ার জাহান, উপদেষ্টা পরিষদ আহবায়ক পরিকল্পনাবিদ ড. এ কে এম আবুল কালাম, সাবেক সাধারন সম্পাদক পরিকল্পনাবিদ ড. আদিল মুহাম্মদ খান প্রমুখ।

# কর্পোরেট স্বাস্থ্যচুক্তি এবং প্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষর

POPULAR

BSH BANGLADESH SPECIALIZED HOSPITAL *patient first*

বি.আই.পি'র সম্মানিত সদস্যবৃন্দ, সদস্যদের পরিবার (বাবা/মা/স্ত্রী/স্বামী/সন্তান) এবং বি.আই.পি'র কর্মকর্তা/কর্মচারীদের জন্য 'প্রিভিলেজ কার্ড' প্রদর্শন সাপেক্ষে হ্রাসকৃত মূল্যে সেবা ও টেস্ট ফ্যাসিলিটি প্রদানের লক্ষে Bangladesh Institute of Planners (BIP) এর সাথে Popular Diagnostic Centre Ltd. (PDCL) এবং Bangladesh Specialized Hospital (BSH) এর সাথে কর্পোরেট স্বাস্থ্যচুক্তি স্বাক্ষরিত হয়েছে।

স্বাক্ষরিত চুক্তি অনুসারে এখন থেকে দেশের Popular Diagnostic Centre Ltd. (PDCL) এর ২৬টি শাখায় সকল প্যাথোলজিক্যাল এবং বায়োকেমিস্ট্রি টেস্ট এ ৩০%, রেডিওলজি এবং ইমেজিং পরীক্ষায় ২৫% এবং পিসিআর (মলিকিউলার) ল্যাব টেস্ট এ ২০% ডিসকাউন্ট প্রাপ্ত হবেন।

একইসাথে Bangladesh Specialized Hospital (BSH) এ সকল প্যাথোলজিক্যাল এবং বায়োকেমিস্ট্রি টেস্ট এ ২৫% (ওপিডি সার্ভিস) ও ১০% (আইপিডি সার্ভিস), রেডিওলজি এবং ইমেজিং টেস্ট এ ১৫% (ওপিডি সার্ভিস) ও ১০% (আইপিডি সার্ভিস) এবং ভর্তিকালীন বেড চার্জে ১০% ডিসকাউন্ট প্রাপ্ত হবেন।

এছাড়াও বি.আই.পি'র সকল সম্মানিত সদস্য এবং কর্মকর্তা-কর্মচারীদের জন্য অগ্রাধিকার ভিত্তিতে বিনোদন সেবা নিশ্চিত করার লক্ষ্যে 'ছুটি রিসোর্ট' এর সাথে একটি প্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষরের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এই চুক্তি অনুসারে সকল ধরনের রুম ভাড়ায় রবিবার থেকে বুধবার (সরকারি ছুটির দিন ব্যাতীত) ৫০% এবং বৃহস্পতিবার থেকে শনিবার ২৫% এবং একদিনের প্যাকেজে ২০% ডিসকাউন্ট প্রাপ্ত হবেন। এছাড়াও এর সাথে থাকবে আরও বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা এবং কমপ্লিমেন্টারি সার্ভিস।

এ প্রেক্ষিতে বিশেষায়িত এ সকল সুবিধা সমূহ উপভোগ করার জন্য শর্ত সাপেক্ষে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি) এর পক্ষ থেকে ইনস্টিটিউট এর সম্মানিত সদস্যদের দুইবছর মেয়াদী 'বি.আই.পি প্রিভিলেজ কার্ড' প্রদান করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।





# বি.আই.পি'র প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাত

*২৬ এপ্রিল ২০২২*

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধিদল ২৬ এপ্রিল ২০২২ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম এর সাথে সৌজন্য সাক্ষাত করেন।

সাক্ষাতে বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এর নেতৃত্বে ইনস্টিটিউট সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, সহ-সভাপতি ২, পরিকল্পনাবিদ ড. শফিক-উর-রহমান, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান, বোর্ড সদস্য (রিসার্চ এন্ড পাবলিকেশন) পরিকল্পনাবিদ মোঃ রেজাউর রহমান, উপদেষ্টা পরিষদ আহ্বায়ক পরিকল্পনাবিদ ড. এ কে এম আবুল কালাম, উপদেষ্টা পরিষদ সদস্য পরিকল্পনাবিদ ড. গোলাম মর্তুজা, বি.আই.পি'র সাবেক সভাপতি পরিকল্পনাবিদ ড. আকতার মাহমুদ এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের বিভাগীয় প্রধান পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আফসানা হক বি.আই.পি'র প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন।

এসময় বি.আই.পি'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তর/সংস্থায় পরিকল্পনাবিদদের সম্পৃক্ততা এবং অবদানের উপর প্রতিবেদন উপস্থাপন করেন। বি.আই.পি'র পক্ষ থেকে বাংলাদেশ সরকার এর বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তর/সংস্থা'র 'পরিকল্পনাবিদ' সংশ্লিষ্ট শূণ্যপদ সমূহের একটি তালিকা এসময় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের নিকট হস্তান্তর করা হয় এবং দ্রুততর সময়ে এ সকল শূণ্যপদ সমূহে নিয়োগ প্রক্রিয়া শুরু এবং প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগের শর্ত হিসাবে নগর পরিকল্পনা বিষয়ে স্নাতক ডিগ্রীকে স্বীকৃতি দেয়ার ব্যবস্থা গ্রহণের ব্যাপারে কার্যকর ভূমিকা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।


এছাড়াও জনপ্রশাসন মন্ত্রণালয় এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর পারস্পরিক সম্পর্ক সম্প্রসারণের সম্ভাবনা, পরিকল্পনাবিদদের কর্মসংস্থান ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়।

# "জাতীয় বাজেটে নগর ও নাগরিক অগ্রাধিকার: নগর পরিকল্পনাবিদদের ভাবনা" শীর্ষক প্রথম পরামর্শ সভা

*২৩ এপ্রিল ২০২২*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জাতীয় বাজেট ২০২২-২০২৩ এর নগর, অঞ্চল ও গ্রামীন পরিকল্পনার প্রেক্ষিতে পর্যালোচনামূলক প্রতিবেদন প্রণয়নের জন্য বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর ১৫তম কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্তক্রমে গঠিত একটি উপকমিটি কাজ করছে। সংশ্লিষ্ট পর্যালোচনামূলক প্রতিবেদন প্রণয়ন একটি অংশগ্রহণমূলক প্রক্রিয়া এবং এরই ধারাবাহিকতায় "জাতীয় বাজেটে নগর ও নাগরিক অগ্রাধিকার: নগর পরিকল্পনাবিদদের ভাবনা" শীর্ষক একটি পরামর্শ সভা ২৩ এপ্রিল ২০২২ বি.আই.পি কনফারেন্স হলরুম (হাইব্রিড) অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত ছিলেন জাতীয় বাজেট উপকমিটির সদস্যসহ বিভিন্ন ক্ষেত্রে কর্মরত পরিকল্পনাবিদগণ এবং ইনস্টিটিউটের সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান। উক্ত পরামর্শ সভায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউট এর সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন।

সভার মূল প্রবন্ধ উপস্থাপন করেন পরিকল্পনাবিদ আমানুর রহমান। তিনি তার উপস্থাপনায় সরকারের বাজেটের খাতসমুহ, খাত অনুযায়ী বাজেট বরাদ্দের পরিসংখ্যান, পরিকল্পনাবিদদের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বাজেটে অংশগ্রহণ প্রক্রিয়া, নগর বাজেট বিশ্লেষণ ডোমেইন প্রভৃতি তুলে ধরেন এবং সকলকে উক্ত ডোমেইন এর নির্দিষ্ট জায়গাসমুহ ফোকাস এর মাধ্যমে সমস্যাসমুহ চিহ্নিত করে আলোচনার মাধ্যমে অগ্রাধিকারের ভিত্তিতে বাজেট তৈরি করার আহ্বান জানান এবং পরবর্তীতে জাতীয় বাজেট ২০২২-২৩ উপলক্ষে গৃহীত বি.আই.পি'র কর্মসূচি উপস্থাপনা করেন পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান।



# বি.আই.পি'র প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাত

*২৬ এপ্রিল ২০২২*

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধিদল ২৬ এপ্রিল ২০২২ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ মোস্তফা কামাল এর সাথে একটি সৌজন্য সাক্ষাত করেন।

সাক্ষাতে বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজল রেজা সুমন এর নেতৃত্বে ইনস্টিটিউট সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, সহ-সভাপতি ২, পরিকল্পনাবিদ ড. শফিক-উর-রহমান, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান বি.আই.পি'র প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন। এসময় পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীতব্য National Adaptation Plan এর উপর বি.আই.পি'র কনফারেন্স হলে কর্মশালা আয়োজন এবং পরিবেশ অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক পূনর্গঠন প্রক্রিয়ায় বি.আই.পি'র প্রস্তাবিত সম্পৃক্ততা সম্পর্কে আলোচনা করা হয়।

> "
>
> **The point of cities is multiplicity of choice.**
>
> *Jane Jacobs*
>
> **The art of urban planning is not just to do fantasies, to impose mega-structrul ideas, but to creat rich fabric that has the complexity of New York City. New York City is not just a simple-minded village....**
>
> *Daniel Libeskind*
>
> **In city planning, there is no limit to be fixed.**
>
> *Willis Polk*
>
> **A plan that everyone dislike for different reasons is a success. A plan everyone dislikes for the same reason is a failure. A plan that everyone likes for the same reason is an act of God!**
>
> *Richard Carson*







# বি.আই.পি'র প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাত

*২৬ এপ্রিল ২০২২*

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধিদল ২৬ এপ্রিল ২০২২ তারিখে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য এবং পরিকল্পনা অনুষদের নবনির্বাচিত ডীন অধ্যাপক ড. ইশরাত ইসলাম এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের নব নিযুক্ত বিভাগীয় প্রধান অধ্যাপক ড. আফসানা হক এর সাথে সৌজন্য সাক্ষাত করেন।

সাক্ষাতে বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এর নেতৃত্বে ইনস্টিটিউট সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, সহ-সভাপতি ২, পরিকল্পনাবিদ ড. শফিক-উর-রহমান, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান বি.আই.পি'র প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন।

এসময় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের মধ্যে পারস্পরিক সম্পর্কের সম্প্রসারণ, পারস্পরিক সহযোগিতার মাধ্যমে নগর, অঞ্চল এবং গ্রামীণ পরিকল্পনা পেশার আধুনিকীকরণ ও বিকাশের মাধ্যমে দেশের পরিকল্পিত নগরায়ন ও সুষম উন্নয়ন এর উপর কাজ করার বিষয়ে আলোচনা হয়।





# বি.আই.পির প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাত

*১২ মে ২০২২*

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধিদল গত ১২ মে ২০২২ তারিখে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর মাননীয় মেয়র ব্যারিষ্টার শেখ ফজলে নূর তাপস মহোদয়ের সাথে একটি সৌজন্য সাক্ষাত করেন।

বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এর নেতৃত্বে ইনস্টিটিউট সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, সহ-সভাপতি ২, পরিকল্পনাবিদ ড. শফিক-উর-রহমান এবং কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান বি.আই.পি'র প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন।

এসময় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি)'র পক্ষ থেকে বিশাল জনবসতিপূর্ণ এই মহানগরীর বিদ্যমান সমস্যাসমূহের পরিকল্পিত ও টেকসই সমাধান এবং পরিকল্পিত ও সুষম উন্নয়ন বাস্তবায়নে পরিকল্পনার অনুশীলন অধিকতর গতিশীল ও আধুনিকায়নের জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর গৃহীত পদক্ষেপ সমূহের জন্য মাননীয় মেয়র মহোদয়কে আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করা হয়।

এছাড়াও বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর মধ্যে পারস্পরিক সম্পর্ক সম্প্রসারণের সম্ভাবনা, সমঝোতা স্মারক স্বাক্ষর, পরিকল্পনাবিদদের কর্মসংস্থান এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে ঢাকা দক্ষিণ মহানগরীর পরিকল্পিত নগরায়ন ও সুষম উন্নয়ন এর উপর কাজ করার বিষয়ে আলোচনা হয়।

# বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০১২ এবং ২০১৫)' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

১৩ মে ২০২২

গত ১৩ মে ২০২২ (শুক্রবার) বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর উদ্যোগে 'বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০১২ এবং ২০১৫)' শীর্ষক এক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা বি.আই.পি কার্যালয়ে আয়োজন করা হয়।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর বোর্ড সদস্য (একাডেমিক এফেয়ার্স), পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম এর তত্ত্বাবধানে উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষক হিসেবে ছিলেন পরিকল্পনাবিদ আশিকুর রহমান। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় নগর পরিকল্পনাবিদ পেশাজীবীরা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন প্রশিক্ষণার্থীদের হাতে প্রশিক্ষণ সনদ তুলে দেন।





# ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

১৪ মে ২০২২

গত ১৪ মে ২০২২ (শনিবার) বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর উদ্যোগে 'ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ শীর্ষক এক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা বি.আই.পি কার্যালয়ে আয়োজন করা হয়।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর বোর্ড সদস্য (একাডেমিক এফেয়ার্স), পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম এর তত্ত্বাবধানে উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষক হিসেবে ছিলেন মুন্সীগঞ্জ পৌরসভার শহর পরিকল্পনাবিদ জনাব সুস্মিতা চক্রবর্ত্তী এবং কুড়িগ্রাম পৌরসভার শহর পরিকল্পনাবিদ জনাব গৌতম কুমার রায়। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় নগর পরিকল্পনাবিদ পেশাজীবীরা অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণ শেষে সমাপণী অনুষ্ঠানে বক্তব্য রাখেন বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন, সহ-সভাপতি ১ পরিকল্পনাবিদ মুহাম্মদ আরিফুল ইসলাম, সহ-সভাপতি ২ পরিকল্পনাবিদ ড. শফিক-উর-রহমান এবং সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান। পরে প্রশিক্ষাণার্থীদের হাতে প্রশিক্ষণ সনদ তুলে দেয়া হয়।










# 'জেলা প্রশাসকদের এডিপি ভুক্ত শতভাগ প্রকল্পের পরিবীক্ষণ, মূল্যায়ন এবং প্রথম শ্রেণীর ১৯৪ টি পৌরসভার নজরদারির ক্ষমতা প্রদান সম্পর্কিত সংবাদ সম্মেলন

২১ মে ২০২২

গত ২১ মে ২০২২ (শনিবার), সকাল ১০.৩০টায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি) এর উদ্যোগে 'জেলা প্রশাসকদের এডিপি ভুক্ত শতভাগ প্রকল্পের পরিবীক্ষণ, মূল্যায়ন এবং প্রথম শ্রেণীর ১৯৪ টি পৌরসভার নজরদারির ক্ষমতা প্রদান: ২০৪১ সাল নাগাদ বাংলাদেশের উন্নতরাষ্ট্র গঠনের রোডম্যাপ বাস্তবায়নে বি.আই.পি'র প্রস্তাবনা' শীর্ষক এক সংবাদ সম্মেলন বি.আই.পি কনফারেন্স হলরুম এ অনুষ্ঠিত হয়।

বি.আই.পি'র সভাপতি পরিকল্পনাবিদ জনাব ফজলে রেজা সুমন এর সভাপতিত্বে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বিআইপি'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান। এছাড়াও সংবাদ সম্মেলনে সাংবাদিক সাথে প্রশ্নোত্তর পর্বে বক্তব্য রাখেন বি.আই.পি'র সহ-সভাপতি-১ পরিকল্পনাবিদ মুহাম্মদ আরিফুল ইসলাম, সহ-সভাপতি ২ পরিকল্পনাবিদ ড. মোঃ শফিক-উর রহমান এবং কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান।

সংবাদ সম্মেলনে বক্তারা প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে অভিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনের পরিষ্কার ধারণা পাওয়ার জন্য প্রকল্প পরিবীক্ষণের কারিগরি সক্ষমতা বৃদ্ধির প্রয়োজনীয়তার উপর আলোকপাত করেন। এছাড়াও জেলা পর্যায়ে যে পাঁচ সদস্যদের কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে সেখানে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের প্রতিনিধিত্ব নিশ্চিতকরণ এবং সদস্য সংখ্যা পুনঃবিবেচনায় এনে বিশেষ বিশেষ প্রকল্পের ক্ষেত্রে কমিটিতে বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ অন্তর্ভুক্তির ব্যবস্থা নিশ্চিত করে কমিটি গঠন এবং পরিচালন বিষয়ে একটি নীতিমালা প্রণয়ন করার উপর গুরুত্বারোপ করেন। একইসাথে বিশেষ এবং জনগুরুত্বপূর্ণ প্রকল্প সমূহের স্বচ্ছ তদারকির জন্য জনগণ, স্থানীয় সরকার ও জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করার দাবি উত্থাপন করেন।



# Bangladesh Institute of Planners (BIP)
## 15th Executive Board (2022-2023)



**Planner Mohammad Fazle Reza Sumon**
President



**Planner Muhammad Ariful Islam**
Vice-President 1



**Planner Dr. M. Shafiq-Ur Rahman**
Vice-President 2



**Planner Shaikh Muhammad Mehedi Ahsan**
General Secretary



**Planner Mohammad Rasel Kabir**
Joint Secretary



**Planner Dr. Md. Musleh Uddin Hasan**
Treasurer



**Planner Tamanna Binte Rahman**
Board Member
Professional Affairs)



**Planner Tamzidul Islam**
Board Member
(Academic Affairs)



**Planner Md. Rejaur Rahman**
Board Member
(Research & Publication)



**Planner Mohammed Hamidul Hasan Nabin**
Board Member
(National & International Liaison)



**Planner Kazi Salman Hossain**
Board Member
(Membership Affairs)



**Planner Dr. Adil Mohammed Khan**
Board Member
(Ex-Officio)



**Planner Md. Nazim Uddin**
Vice-President
(Chittagong Local Chapter)



**Planner Abir-Ul-Jabbar**
President
(Khulna Local Chapter)



**Planner Azmeri Ashrafi**
President
(Rajshahi Local Chapter)